পেরমেচ্ছে দি সজোরন পাওয়ার জন্য নিয়মাবলী

A Guide to permesso di soggiorno (এ গাইড টু পারমেসো ডি সজোরন)

Per informazioni

Tel.: 3511033277/3511960376

web: www.campagneinlotta.org

email: campagneinlotta@gmail.com

facebook: Comitato Lavoratori delle Campagne

এই তথ্য গুলি আপনার সজোরনো পাওয়ার জন্য সহায়ক হবে।

নিচে বিস্তারিত দেখুন:

বসবাসের (“Permesso di soggiorno”) হলো একটা ডকুমেন্টস (সংক্ষেপে permesso) যা ইতালির সরকার ইতালিতে থাকার জন্য সমস্ত বিদেশি নাগরিকের যারা ইউরোপীয় ইউনিয়নের কোন দেশের নাগরিক নয় তাদের কাছে চায়।এই ডকুমেন্টসটি কারো কাছে থাকলে তাতে উল্লেখিত সময়কালে তার ইতালিতে থাকার অধিকার জন্মায়। এই ডকুমেন্টস নির্দ্দীষ্ট সময়সীমা অনুযায়ী নবায়ন করতে হয়।

এই অনুমোদন (permesso di soggiorno) প্রবেশের জন্য ভিসা নয়, বা পাসপোর্ট বা পরিচয়পত্র নয়।কিছু পেরমেচ্ছো দি সজোরন নিয়মিত কাজ করার অনুমতি থাকে আবার কিছু অনুমোদনে তা থাকে না।যেসব ধরনের অনুমোদনে কাজ করার অনুমতি দেয়া হয় সেগুলো হলো: মানবিক কারণে/ বিশেষ কারণে/বিশেষ সুরক্ষা, সহায়ক সুরক্ষা, রাজনৈতিক আশ্রয়, কাজের কারণে, ব্যবসার কারণে, পারিবারিক পুন:মিলন, দুর্যোগ ও নাগরিক বীরত্বের জন্য।

কিছু কিছু পেরমেচ্চেঅ দি সজোরন কাজের জন্য রূপান্তরিত হতে পারে না: যেমন রাজনৈতিক আশ্রয়ের আবেদন, বিশেষ সুরক্ষা, দুর্য়োগ, চিকিৎসা, বিচারকী কারণ এর সজোরন ।

একটি ভেলিড পেমেচ্ছো দি সজোরন এবং সাথে একটি ডকুমেন্ট (যেমন পাসপোর্ট, ভ্রমণের অনুমতি(titolo di viaggio),বা ভ্রমণ সংক্রান্ত কাগজপত্র)থাকলে আপনি ইউরোপীয় ইউনিয়নভুক্ত যেকোন দেশে ভিসা ছাড়াই ভ্রমণ করতে পারেন যদি সেটা সেঙ্গেইন চুক্তির অর্ন্তভূক্ত হয়।

একটা ইতালীয় পেরমেচ্ছো দিয়ে আপনি অন্য ইউরোপীয় দেশে সর্বোচ্চ ৩ মাস অবস্থান করতে পারবেন এবং কাজ করতে পারবেন না।

সতর্কতা: গত কয়েক বছরে কার্যকর অবস্থানের অনুমোদনপত্র থাকা সত্ত্বেও বিদেশিদের পক্ষে ইউরোপীয় ইউনিয়নের ভেতরে এক দেশ থেকে অন্য দেশে ক্রমশ কঠিন হয়ে উঠছে। কাউকে কাউকে আটকানো ও ফেরত পাঠানো হচ্ছে।পাঠানো হচ্ছে এমন জায়গায় যেটা বর্ডার থেকে অনেক দূরে।

অবস্থানের অনুমোদন(permesso di soggiorno) ও অন্যান্য কাগজপত্র(বসবাসের অনুমোদন বা পাসপোর্ট) পাবার প্রক্রিয়া বেশ জটিল।কিন্তু সারা দেশেই এমন অসংখ্য ব্যক্তি ও সংস্থা আছে যারা এই কাজে কোন অর্থ না নিয়েই আপনাকে সাহায্য করতে পারেন।

আইনজীবীকে টাকা দেওয়া আপনার অবস্থানের অনুমোদন প্রাপ্তির নিশ্চয়তা দেয় না। কাজেই আইনজীবীকে টাকা দেবার দরকার নাই।অনেকক্ষেত্রেই ইতালি সরকার যারা টাকা দিতে সমর্থ নয় তাদের জন্য আইনজীবীদের অর্থ পরিশোধ করে।আপনার যদি কোন আইনজীবীর দরকার না থাকে এবং আপনার পর্যাপ্ত টাকা না থাকে তাহলে আইনজীবীদের টাকা দেবেন না।সবসময়েই আইনি সহায়তার **(GRATUITO PATROCINIO)** আশ্রয় নিন।

বিভিন্ন ধরনের সজোরন এর অনুমোদন:

নিম্নোক্ত দেশগুলো শেনগেইন চুক্তির আওতাভূক্ত- অস্ট্রিয়া, বেলজিয়াম, চেক রিপাবলিক, ডেনমার্ক, এস্তোনিয়া, ফিনল্যান্ড, ফ্রান্স, জার্মানী, গ্রীস, আইসল্যান্ড, ইতালি, লাটভিয়া, লিখটেনস্টাইন, লিথুনিয়া, লুক্সেমবার্গ,মালটা,নেদারল্যান্ডস, নরওয়ে, পোল্যান্ড, পর্তুগাল, শ্লোভেনিয়া, স্পেন, সুইডেন, সুইজারল্যান্ড, স্লোভাকিয়া, হাঙ্গেরী।

ইতালিতে প্রবেশের আগে অনুমোদন(permesso di soggiorno) পেতে হলে আপনাকে যা করতে হবে (এটা খুব কঠিন):

আপনাকে মৌসুমি কাজের জন্য একটা ডিক্রী ফ্লুসির (অভিবাসীদের বহু সংখ্যায় প্রবেশ সংক্রান্ত আদেশ)মাধ্যমে আসতে হবে (২০১১ সাল থেকে বাংলাদেশদের জন্য এরকম আদেশ জারি করা হয়নি)।

যারা ইতালিতে ভিসা বা কোন অনুমোদন ছাড়া প্রবেশ করছেন তারা অনুমোদনের কাগজপত্র পেতে পারেন কেবলমাত্র:১. সানাতরিয়া, অভিবাসীদের জন্য বিশেষ সরকারি ছাড় (সর্বশেষ এটা ঘটেছিল ২০১২ সালে)।২. রাজনৈতিক আশ্রয় প্রার্থনার মাধ্যমে ৩. অথবা কোন ইতালীয় নাগরিককে বিয়ে করা বা তার সাথে সন্তান থাকা।

রাজনৈতিক আশ্রয় প্রার্থনা:

আপনাকে কি করতে হবে:

১.পুলিশ সদর দফতরে (কস্তুরা)চলে যান এবং রাজনৈতিক আশ্রয়ের আবেদন জানান।সেক্ষেত্রে আবেদন করার জন্য গত কয়েক বছর যাবৎ যে ব্যবস্থাটা চলছে তা হলো প্রথমে আপনাকে একটা ক্যাম্পে থাকতে হবে (অভিবাসীদের জন্য প্রাথমিক আশ্রয়স্থল)।

২. ক্যাম্পে বা পুলিশ দফতরে ইউরোপে আপনার আগমন বিষয়ে আপনাকে কিছু প্রশ্নের জবাব দিতে হবে(মডেল সি ৩)।

৩. পুলিশ দফতরে **(**questura**,**কস্তুরা **)**আপনাকে অবশ্যই আপনার আঙুলের ছাপ নিবন্ধন করতে হবে**,** ৪ কপি পাসপোর্ট সাইজের ছবি নিয়ে যেতে হবে এবং আপনার ঠিকানা নিবন্ধন করতে হবে। আপনি যে ক্যাম্পে বসবাস করছেন সেটার ঠিকানা দিলেই চলবে।যদি আপনি ক্যাম্পে বসবাস না করেন সে ক্ষেত্রে আপনি কোন সংস্থার সহায়তায় ঠিকানা দিতে পারেন অথবা কারও আশ্রয়ে আছেন এরকম কোন ঘোষণার প্রমাণপত্র দেখিয়ে তার ঠিকানা দিতে পারেন। নতুন আইন অনুযায়ী রাজনৈতিক আশ্রয়প্রার্থীরা(৬ মাসের পেরমেচ্ছে দি সজোরন পাবেন এবং রেসিডেন্স এর দরখাস্তও করতে পারবেন।

৪. পুলিশ দপ্তরে **(** questura) আপনি যখন কমিশন কর্তৃক ইন্টারভিউয়ের জন্য অপেক্ষা করছেন তখন আপনাকে একটা ছয় মাসের জন্য বসবাসের অনুমোদনের **(permesso di soggiorno)** কাগজ দিবে।এই অনুমোদনের মাধ্যমে আপনি কাজের অনুমতিও পেতে পারেন।

৫. পুলিশ দপ্তরে **(** questura) কয়েক সপ্তাহ বা কয়েক মাসের মধ্যে আপনাকে সাক্ষাৎকারের জন্য ডাকবে(প্রত্যেক পুলিশ দপ্তর ও কমিশনেরই আলাদা আলাদা সময় আছে)।কমিশনে আপনি আপনার ঘটনাটা বলবেন, কেন আপনি দেশ ছাড়লেন এবং সর্বোপরি কেন আপনি ফিরে যেতে পারেন না। কমিশনে আপনার মাতৃভাষায় অনুবাদের অধিকার আছে। সাক্ষাৎকার শেষে সাক্ষাৎকারের একটা লিখিত কপি আপনার অবশ্য প্রাপ্য।

৬. আপনাকে কমিশনের কাছ থেকে জবাব পাবার জন্য কয়েক সপ্তাহ বা কয়েক মাস অপেক্ষা করতে হতে পারে। আপনি যখন জবাবের অপেক্ষা করছেন সেই সময়ে আপনাকে ৬ মাস অবস্থানের একটা অনুমোদন দেওয়া হবে।

কমিশনের উত্তর ইতিবাচক বা নেতিবাচক উভয়ই হতে পারে।

যদি উত্তর ইতিবাচক হয়, তাহলে আপনি নিচের যেকোন এক ধরনের অনুমোদন পাবেন:

১. সহায়ক সুরক্ষা (প্রদেচ্ছিয়নে সুস্সিডিয়ারা)- এর সময়কাল ৫ বছর, আপনি এর নবায়ন করতে পারেন বা একে কাজের জন্য অবস্থানের অনুমোদনে রূপান্তরিত করতে পারেন।

২. রাজনৈতিক আশ্রয় বা উদ্বাস্তু পরিচয়-এর সময়কাল ৫ বছর, আপনি এর নবায়ন করতে পারেন বা একে কাজের জন্য অবস্থানের অনুমোদনে রূপান্তরিত করতে পারেন। এই অনুমোদনের মাধ্যমে শেষ পর্যন্ত নাগরিকত্ব পাওয়াটা আপনার জন্য অপেক্ষাকৃত সহজতর(১০ বছরের বদলে ৫ বছর পরেই আপনি এই আবেদন করতে পারেন)।

৩.নতুন আইন অনুযায়ী মানবিক কারণে ২ বছর বসবাসের অনুমোদনের সুযোগ আর নাই।এর বদলে কমিশন আপনাকে বিশেষ সুরক্ষার আওতায় ১ বছর অবস্থানের অনুমোদন দিতে পারে। এই অনুমোদনের মাধ্যমে আপনি একটা কাজের অনুমতিপত্র পেতে পারেন কিন্তু একে কাজের জন্য রূপান্তরিত করতে পারেন না।

যদি কমিশনের উত্তর না বোধক হয়(আপনি যদি অবস্থানের অনুমোদন না পান)

আপনি ৩০ দিনের মধ্যে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন। আপিলের জন্য আপনার একজন আইনজীবীর দরকার হবে।আপনি যদি ক্যাম্পে বসবাস করেন তাহলে অবশ্যই কমিশন সিদ্ধান্ত জানানোর ১৫ দিনের মধ্যে আপনাকে আপিল করতে হবে।

আপনি যখন আপিলের নিস্পত্তির জন্য অপেক্ষা করছেন তখন আপনাকে আরও ৬ মাস অবস্থানের অনুমতি পাবেন।আপিলের পর চূড়ান্ত সিদ্ধান্ত পেতে বেশ সময় লেগে যায়, গড়ে ১৮ মাস থেকে দুই বছর সময় লাগে এক্ষেত্রে।

নতুন আইনে বিনা খরচে আইনজীবী পাওয়ার সুযোগেও কিছু পরিবর্তন আনা হয়েছে।

- আপনি যদি আপিলে হেরে যান, তাহলে আপনাকেই আইনজীবীর বিল পরিশোধ করতে হবে।
- আপনি যদি আপিলে জেতেন, তাহলে আপনাকে আইনজীবীর বিল পরিশোধ করতে হবে না।

মনোযোগ দিন! যদি আপনি আপনার রাজনৈতিক আশ্রয় আবেদন ৫ অক্টোবর, ২০১৮ এর আগে করে থাকেন।

১. তারা যদি আপনাকে একটা দুই বছরের অনুমতি দিয়ে থাকে কিন্তু আপনি এখনও তা নেননি, তাহলে তারা আপনাকে বিশেষ কারণে অবস্থানের(per casi speciali) অনুমতি দেবে যার মেয়াদ দুই বছর।এই অনুমতিপত্রের মাধ্যমে আপনি কাজের জন্য চুক্তিপত্র করতে পারেন এবং একে কাজের জন্য অবস্থানের অনুমতিতে রূপান্তরিত করতে পারেন। কিন্তু আপনি সেটা করতে পারবেন কেবলমাত্র আপনার অনুমোদনের সময়সীমা যে দুই বছর তার মধ্যেই।আপনি যদি এই সময়কালের মধ্যে একে কাজের জন্য অবস্থানের অনুমতিতে রূপান্তরিত না করেন, তাহলে কমিশন এর পর সিদ্ধান্ত নেবে তারা আপনাকে বিশেষ কারণে আরও ১ বছর অবস্থানের অনুমতি দেবে কিনা। এই অনুমতির মাধ্যমেও আপনি কাজের জন্য চুক্তিবদ্ধ হতে পারবেন কিন্তু একে আর কাজের জন্য অনুমতিপত্রে রূপান্তরিত করতে পারবেন না।

২. আপনি যদি এখনও না জানেন তারা কি সিদ্ধান্ত নিয়েছে সেক্ষেত্রে তারা আপনাকে রাজনৈতিক আশ্রয় দিতে পারে, সহায়ক সুরক্ষা দিতে পারে, অথবা ১বা ২ বছর মেয়াদি নতুন ধরনের অনুমোদন দিতে পারে বা কোন অনুমতিই নাও দিতে পারে।

যদি আপনার আপিল না টেকে বা আপনি আপিল না করেন, আপনি নতুন করে রাজনৈতিক আশ্রয়ের জন্য আবেদন করতে পারেন, সেক্ষেত্রে আপনার আবেদনে পুরোনো ঘটনার সাথে নতুন উপাদান বা নতুন তথ্য অবশ্যই থাকতে হবে বা আপনাকে এই সময়ের মধ্যে নিজের দেশে ফিরে গিয়ে আবারও আসতে হবে।

সতর্কতা! আপনি যদি প্রথমবার আশ্রয়ের আবেদন করার পর ব্যর্থ হয়ে আবারও রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেন এবং আপনার ঘটনায় নতুন উপাদান বা তথ্য না থাকে তাহলে আপনাকে ইতালি থেকে তাড়িয়ে দেয়া হতে পারে বা জোর করে আপনাকে চিইএ (অভিবাসীদের জন্য একটা আটকে রাখার জায়গা যেখান থেকে ইতালির বাইরে বের করে দেবার চেষ্টা করা হয়) এ পাঠিয়ে দেয়া হতে পারে।

আপনার পেরমেচ্ছোর অনুমতির নবায়ন করতে হলে:

রাজনৈতিক আশ্রয় বা সহায়ক সুরক্ষার ক্ষেত্রে আপনার প্রয়োজন:

১. বাসস্থান

২. আশ্রয় দানের ঘোষণাপত্র

৩. একটা ঠিকানা, কিছু সংগঠন যা দিয়ে থাকে।

এর সাথে আপনাকে একটা পোস্ট অফিসে ৩০.৪৬ ইউরো পরিশোধ করতে হবে ও ১৬ ইউরোর একটা ট্যাক্স স্ট্যাম্প কিনতে হবে।

ট্রাভেল ডকুমেন্ট (ভ্রমণের কাগজপত্র) বা পাসপোর্ট বা তিতোলো ডি ভিয়াজ্জিও

রাজনৈতিক আশ্রয়প্রাপ্তির মাধ্যমে আপনি যদি অবস্থানের অনুমতি পেয়ে থাকেন তাহলে পুলিশ দফতর আপনাকে পাসপোর্ট এর মত একটা কাগজও দেবে যার নাম তিতোলো ডি ভিয়াজ্জিও।

আপনি যদি সহায়ক সুরক্ষা বা বিশেষ বিবেচনায় অবস্থানের অনুমতি পেয়ে থাকেন তাহলে শুধুমাত্র এমন ক্ষেত্রেই পুলিশ দফতর আপনাকে তিতোলো ডি ভিয়াজ্জিও দেবে যদি আপনার দেশের এমবেসি থেকে আপনার পাসপোর্ট সংগ্রহ অসম্ভব হয়।সেরকম পরিস্থিতিতে আপনার দেশের এমবেসির অবশ্যই এই মর্মে একটা চিঠি দিতে হবে যা আপনাকে পুলিশ দফতরে নিয়ে দেখাতে হবে।

মানবিক কারণে অবস্থানের অনুমতি বিষয়ে নতুন আইন:

নতুন আইন (সালভিনি ডিক্রি)মানবিক কারণে অবস্থানের অনুমতি বিষয়ে নিয়ম পরিবর্তন করেছে। এখন আর এই অনুমোদনের অস্তিত্ব নাই।যদি ইতিমধ্যেই আপনার এই অনুমোদন থেকে থাকে তবে এর মেয়াদ শেষে আপনি একে কাজের জন্য অবস্থানের অনুমোদনে বদলে নিতে পারেন (কোন প্রতিষ্ঠানের কর্মচারী বা স্বনিয়োজিত হিসাবে)।আপনার অনুমোদন বদলাবার জন্য আপনার অবশ্যই যা থাকতে হবে:

১. কাজের চুক্তিপত্র বা বাণিজ্যিক কাজকর্ম

২. একটা সত্যিকার বাসস্থান সংক্রান্ত দলিল(কোন অনির্দিষ্ট বাসস্থান দলিল নয় যা গৃহহীনদের বাসস্থান দেখানোর জন্য বানানো হয়)।

৩. আপনার দেশ বা দেশের এম্বেসি কর্তৃক প্রদত্ত পাসপোর্ট।

আপনার যদি মানবিক কারণে অবস্থান অনুমোদন নবায়ন করা দরকার হয় কিন্তু আপনার কোন কাজের চুক্তিপত্র নাই বা কাজের চুক্তিপত্র ছাড়াই আপনি আবেদন করে ফেলেছেন এমন হয় সেক্ষেত্রে কমিশন আপনাকে বিশেষ সুরক্ষার আওতায় অবস্থানের অনুমোদন দিতে পারে।যার সময়সীমা ১ বছর এবং যাকে রূপান্তর করা যায় না। যদি কমিশন আপনাকে অনুমতি না দেয় তাহলে আপনি আপিল করতে পারেন।

মনোযোগ দিন: আপনার যদি রাজনৈতিক আশ্রয়ে অবস্থানের অনুমতি থাকে (উদ্বাস্তু পরিচয়)তাহলে তাকে কাজের জন্য অনুমোদনে রূপান্তর করা সুবিধাজনক না।

বাসস্থান:

গৃহহীন হিসাবে একটা বাসস্থান দলিল, একটা অনির্দিষ্ট ঠিকানা যা আপনার বাসস্থান হিসাবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃত হবে, সেটা পেতে হলে আপনি যেখানে বসবাস করেন সেখানকার স্থানীয় কমিউন (পৌরসভা বা ইউনিয়নের মত)অফিসে যেতে হবে। সেজন্য আপনার থাকতে হবে:

১. একটা কার্যকর অবস্থানের অনুমতিপত্র

২. ট্যাক্স কোড(codice fiscal) , জাতীয় ইন্স্যুরেন্স নম্বর এর মত একটা নম্বর

৩. একটা পাসপোর্ট

৪. ৪ কপি পাসপোর্ট সাইজের ছবি।

এই ধরনের বাসস্থান দলিলের জন্য আপনার একটা বাড়িতে থাকার বা ভাড়ার চুক্তিপত্রের দরকার নাই।

মনোযোগ দিন: নতুন আইন অনুযায়ী যাদের ৬ মাস বসবাসের অনুমোদন আছে তারা এখন আর বাসস্থানের দলিল পাবেন না।

কাজের জন্য অবস্থানের অনুমোদন:

দুই ধরনের কাজের জন্য অবস্থানের অনুমোদন রয়েছে:

১. কর্মচারী হিসাবে **((LAVORO SUBORDINATO):** ১ বা ২ বছরের মেয়াদ**,** নবায়নযোগ্য

২. ব্যবসা-বানিজ্য **((LAVORO AUTONOMO)::** ১ বা ২ বছর মেয়াদ**,** নবায়নযোগ্য

৩ উপায়ে কাজের জন্য অবস্থানের অনুমোদন পাওয়া যেতে পারে:

***ফ্লুসি ডিক্রী ,** এটা ইতালিয়ান সরকারের একটা আইন, যার মাধ্যমে তারা প্রতি বছর কতজন ভিসা নিয়ে এদেশে কাজের জন্য আসতে পারে তার সংখ্যা নির্ধারণ করে।গত কয়েক বছরে ইতালি সরকার এই উপায়ে খুব কম লোককে ইতালিতে প্রবেশের অনুমতি দিয়েছে।আপনি যদি কাউকে ডেক্রিটো ফ্লুসি সম্পর্কে কথা বলতে শোনেন তাহলে কিছু করার আগে ভালো করে শুনুন তারা কি বলছেন।আপনি অনেক জায়গায়ই এধরনের তথ্য বিনা পয়সায় পেতে পারেন।

*সানাটোরিয়া(অনিবন্ধিত অভিবাসীদের জন্য বিশেষ ছাড়)-এটা হচ্ছে একটা আইন যার মাধ্যমে বসবাসের অনুমোদন ছাড়াই যারা ইতালিতে ঢুকে পড়েছে তাদের নিয়মিতকরণ করা হয়। সর্বশেষ সানাটোরিয়ার ঘটনা ঘটেছিল ২০১২ সালে এবং কেউই নিশ্চিত নয় কবে তা আবার ঘটবে।আপনি যদি এ বিষয়ে লোকজনকে কথা বলতে শোনেন তাহলে এর খরচ ও শর্তাদি বিষয়ে তথ্য নিন।

* পেরমেচ্ছো দি সজোরন রূপান্তর(উদাহরণস্বরূপ আপনার মানবিক কারণে অবস্থানের অনুমতিকে আপনি কাজের জন্য অনুমতিতে রূপান্তরিত করতে পারেন)।

নবায়ন:

আপনার বসবাস এর অনুমোদনের মেয়াদ শেষ হবার পর ৬০ দিনের মধ্যেই একে নবায়ন করতে হবে, এর জন্য প্রয়োজনীয় জিনিসপত্র আপনি যেকোন পোস্ট অফিসেই পেতে পারেন।

কর্মচারী হিসাবে কাজের জন্য বসবাস এর অনুমোদন নবায়নের জন্য আপনার যা প্রয়োজন:

*কাজের চুক্তিপত্র, কিন্তু যেকোন চুক্তিপত্রই এর জন্য যথেষ্ট নয়, আপনার এমন চুক্তিপত্র থাকতে হবে যে আপনি সপ্তাহে অন্ত:ত ২০ ঘন্টা কাজ করেন, এর মেয়াদ হতে হবে কম করে ৬ মাস এবং বছরে আপনি কমপক্ষে ৫৮৮৯ ইউরো আয় করেন।

* উনিলাভ ফর্ম বা কাজের জন্য একটা আনুষ্ঠানিক পত্র যে আপনার নিয়োগকর্তা আপনার সাথে কাজের সম্পর্ক শুরুর প্রমাণ হিসাবে ইনপ্স বা কলোকামেন্ত অফিসে জমা দিয়েছে ।

* অথবা কুদ(নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত আয়ের সনদপত্র), ট্যাক্স রিটার্ণ বা আপনার পে স্লিপ।

ব্যবসায়ী হিসাবে সজোরন নবায়ন করতে আপনার যা লাগবে:

আপনার ট্যাক্স রিটার্ণ, বা অন্য দলিলপত্র(যেমন আপনার সর্বশেষ আর্থিক বিবরণী, স্বনির্ধারিত ভ্যাট রেজিস্ট্রেশন, এবং চেম্বার অফ কমার্সে রেজিস্ট্রেশন) এবং আপনাকে দেখাতে হবে যে গতবছর আপনি অন্ততপক্ষে ৮২৬৩.৩১ ইউরো আয় করেছেন।

উভয় ধরনের কাজের জন্য বসবাস অনুমোদন নবায়নের জন্য আপনার যা লাগবে:

১. একটা বাড়ি ভাড়ার চুক্তিপত্র বা

২. আশ্রয় দানের ঘোষণাপত্র বা

৩. কোন স্থাপনার আংশিক বা পূর্ণাঙ্গ ব্যবহার করার অধিকার হস্তান্তরের কাগজপত্র বা

৪. একটা বাসস্থান দলিল

যদি আপনি চাকরি হারান বা আপনার কাজের চুক্তি নবায়িত না হয় তাহলে আপনি পুলিশ দফতরে কাজের জন্য অপেক্ষাকালীন সময়ে অবস্থানের অনুমোদন চাইতে পারেন, যার মেয়াদ ১ বছর এবং যার নবায়ন হয় না।

কাজের জন্য অপেক্ষাকালীন সময়ে অবস্থানের অনুমতি পেতে আপনাকে কলোকামেন্ত অফিস(জব সেন্টার)যেতে হবে কর্ম প্রার্থীর তালিকায় নিজের নাম যোগ করতে।আপনার অপেক্ষাকালীন অনুমোদন থাকতে থাকতেই যদি আপনি কাজের চুক্তিপত্র পেয়ে যান তাহলে সেই চুক্তিপত্র ও অন্যান্য কাগজপত্রসহ আপনাকে কাজের জন্য সজোরন এর আবেদন করতে হবে।

বিতাড়ন বা বহিস্কার:

আপনি একটা বহিস্কারাদেশ(decreto di espulsione), পেতে পারেন যাতে বলা থাকবে আপনাকে অবশ্যই ইতালি ত্যাগ করতে হবে। নিচের কারণগুলোর ফলে আপনি এই আদেশ পেতে পারেন:

*যদি আপনার অনুমোদন বাতিল করা হয়, প্রত্যাখাত হয় বা নবায়ন করা না হয় এবং আপনাকে পুলিশ ধরে।

*আপনি যদি সীমানা নিয়ন্ত্রণ এড়িয়ে ইতালিতে প্রবেশ করেন।

*আপনাকে যদি একজন বিপদজনক ব্যক্তি হিসাবে চিহ্নিত করা হয়, এমনকি যদি আপনি কোন অপরাধ নাও করে থাকেন।

আবার নতুন নিয়ম অনুযায়ী আপনার আশ্রয় বাতিল হতে পারে এমন অপরাধের সংখ্যা বাড়ানো হয়েছে, যার ফলে আপনি বহিস্কারাদেশ পেতে পারেন।এসব অপরাধ হলো, যৌন সহিংসতা, মাদক পাচার, অনুমতি ছাড়া কারও বাড়িতে অসৎ উদ্দেশ্যে প্রবেশ করা, প্রকাশ্যে কাউকে আঘাত করা, চুরি(এমনকি বিদ্যুৎ চুরি)। কিন্তু আগে এটা ছিল কেবল আপনার কাছে বা আশপাশে অস্ত্র বা মাদক পাওয়া, কোন পুলিশ বা সরকারি কর্মকর্তাকে হুমকি দেয়া মারাত্মক শারিরীক ক্ষতি করা।

আপনি বহিস্কারাদেশ পাওয়ার ৩০ দিনের মধ্যে এর বিরুদ্ধে আপিল করতে পারেন। সেক্ষেত্রে আপনার বিনা পয়সায় আইনজীবী পাবার অধিকার আছে।

আপনি কি প্রকারের বহিষ্কার আদেশ পেতে পারেন ?

*পুলিশ কর্তৃক বর্ডারে ধরে নিয়ে যাওয়া।

*পুলিশ দফতর (questura) থেকে চিঠি পেতে পারেন যাতে ৭ দিনের মধ্যে ইতালি ত্যাগের নির্দেশ থাকবে।

* একটা চিপিআর CENTRI DI PERMANENZA PER IL RIMPATRIO (অভিবাসীদের জন্য একটা আটকে রাখার জায়গা যেখানে যাদেরকে ইতালী থেকে বের করে দিতে চায়, তাদের আটকে রাখে) এটা ৬ মাসের জন্য আটকে রাখা হতে পারে এবং তারপর আপনাকে আপনার দেশে ফেরত পাঠানো হতে পারে, যদি আপনার দেশ ও ইতালির মধ্যে ফিরিয়ে নেয়া সংক্রান্ত কোন চুক্তি থাকে।

এটা খুব দরকারি যে আপনার যদি ইতালিতে অবস্থানের অনুমতি না থাকে এবং আপনার কাছে ডকুমেন্টস চায়, আপনি কখনোই নিজের দেশের পাসপোর্ট তাদের দেবেন না।

আপনি এইসব কাগজপত্র নিয়ে যেসব ঝামেলা পোহাচ্ছেন, একইরকম ঝামেলায় অন্যরাও আছে। সেই জন্য অনেক অভিবাসী বসবাসের অনুমতি পাবার জন্য আন্দোলন করছেন এবং তারা অনেক ক্ষেত্রে সাফল্য অর্জন করেছেন।

সর্বাত্মক রাজনৈতিক সংগ্রামই আসলে একমাত্র সমাধান!